দৈনিক বাংলা

তারিখ 2 0 NOV 1992
পৃষ্ঠা 7 কলাম 1

147

# নিউ মার্কেট এলাকার ঘটনা সম্পর্কে প্রেসনোট

বৃহস্পতিবার স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের এক প্রেসনোটে বলা হয়, গত ১৬ নবেম্বর সোমবার দুপুরে ঢাকা নিউ মার্কেটে অবস্থিত কয়েকটি দোকানের সামনে ঢাকা কলেজের কথিত কয়েকজন ছাত্র একজন মহিলা ক্রেতাকে উত্ত্যক্ত করলে দোকানদার ও ছাত্র-যুবকদের মধ্যে কথা কাটাকাটি হয়। উক্ত ঘটনাকে কেন্দ্র করে বৃহস্পতিবার ঢাকা কলেজের কথিত

(৭-এর পৃঃ ১-এর কঃ দ্রঃ)

# নিউ মার্কেট এলাকার ঘটনা সম্পর্কে প্রেসনোট

( প্রথম পাতার পর )

৪০/৪৫ জনের একদল ছাত্র নিউ মার্কেটের ভেতরে কয়েকটি দোকানে হামলা চালিয়ে ভাংচুর করে এবং কয়েকজন দোকানদারকে মারধর করে।

এই ঘটনার প্রতিবাদে ঢাকা নিউ মার্কেট ও সংলগ্ন এলাকার দোকানদাররা জমায়েত হয় এবং মিছিল করে ঢাকা কলেজের দিকে অগ্রসর হয়। এ সময় ঢাকা কলেজের ছাত্রদের সাথে দোকানদারদের ধাওয়া, পাল্টা-ধাওয়া ও ইট-পাটকেল ছোড়াছুড়ি হয়।

পুলিশ বিবদমান দুই দলকে ছত্রভঙ্গ করার জন্য লাঠিচার্জ করে এবং কাঁদানে গ্যাস নিক্ষেপ করে।

এ সময় এক পর্যায়ে ঢাকা কলেজের ভিতর হতে গুলি বর্ষিত হয়। এ ঘটনায় আনোয়ার হোসেন (৩০) নামে এক ব্যক্তি গুলিবিদ্ধ হয়। ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে নেয়া হলে কর্তব্যরত ডাক্তার তাকে মৃত ঘোষণা করেন। এছাড়া এ ঘটনায় গুলিবিদ্ধ হয়ে অন্য দুইজন আহত হন। এদের চিকিৎসার জন্য ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে।

এই ঘটনায় তিনজন পুলিশ কনস্টেবলসহ মোট ১১ জন আহত হয়েছেন।

এলাকায় বর্তমানে পুলিশ প্রহরা রয়েছে এবং পরিস্থিতি নিয়ন্ত্রণে রয়েছে।

এ সম্পর্কে ধানমন্ডি থানায় একটি মামলা দায়ের করা হয়েছে এবং ঘটনার সাথে জড়িত থাকার অভিযোগে পুলিশ একজনকে গ্রেফতার করেছে।